# 📖 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২১৫

১/ বিবিধ

---

আরবী

من صلى علي يوم الجمعة ثمانين مرة غفر الله له ذنوب ثمانين عاما، فقيل له: وكيف الصلاة عليك يا رسول الله؟ قال: تقول: اللهم صل على محمد عبدك ونبيك ورسولك النبى الأمي، وتعقد واحدا
موضوع

أخرجه الخطيب (13 / 489) من طريق وهب بن داود بن سليمان الضرير حدثنا إسماعيل ابن إبراهيم، حدثنا عبد العزيز بن صهيب عن أنس مرفوعا
ذكره في ترجمة الضرير هذا وقال: لم يكن بثقة، قال السخاوي في " القول البديع " (ص 145) : وذكره ابن الجوزي في " الأحاديث الواهية " (رقم 796)
قلت: وهو بكتابه الآخر " الأحاديث الموضوعات " أولى وأحرى، فإن لوائح الوضع عليه ظاهرة، وفي الأحاديث الصحيحة في فضل الصلاة عليه صلى الله عليه وسلم غنية عن مثل هذا، من ذلك قوله صلى الله عليه وسلم: من صلى علي مرة واحدة صلى الله عليه بها عشرا
رواه مسلم وغيره، وهو مخرج في " صحيح أبي داود " (1369) ، ثم إن الحديث ذكره السخاوي في مكان آخر (ص 147) من رواية الدارقطني يعني عن أبي هريرة مرفوعا، ثم قال: وحسنه العراقي، ومن قبله أبو عبد الله بن النعمان، ويحتاج إلى نظر، وقد تقدم نحوه من حديث أنس قريبا يعني هذا
قلت: والحديث عند الدارقطني عن ابن المسيب قال: أظنه عن أبي هريرة كما في

الكشف (1 / 167)

বাংলা

২১৫। যে ব্যাক্তি জুম’আর দিবসে আমার প্রতি আশিবার দুরুদ পাঠ করবে; আল্লাহ তার আশি বছরের গুনাহ ক্ষমা করে দিবেন। কেও তাঁকে বললঃ আপনার প্রতি কীভাবে দুরুদ পাঠ করবো হে আল্লাহর রাসুল? তিনি বললেনঃ বলবে, হে আল্লাহ! তুমি দয়া কর তোমার বান্দা, তোমার নবী, তোমার রাসুল উম্মী নবীর প্রতি এবং একবার গিরা দিবে।

হাদীসটি জাল।

এটি খাতীব বাগদাদী (১৩/৪৮৯) ওয়াহাব ইবনু দাউদ ইবনে সুলায়মান আয-যারীরের সুত্রে ... বর্ণনা করে বর্ণনাকারী যারীরের জীবনীতে বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না।

সাখাবী "আল-কাওলুল বাদী" গ্রন্থে (পৃঃ ১৪৫) বলেছেনঃ ইবনুল জাওযী হাদীসটিকে “আল-আহাদীসুল ওয়াহিয়া” গ্রন্থে উল্লেখ করেছেন (নং ৭৯৬)।

আমি (আলবানী) বলছিঃ তিনি তার “আহাদিসুল মাওযু’আত” গ্রন্থেও উল্লেখ করেছেন। এটিই উত্তম এবং উপযোগী। কারণ এটির জাল হওয়াটাই স্পষ্ট। সহীহ হাদীসে দুরূদ পাঠের যে সব ফযীলত এসেছে, এরূপ জাল হাদীস হতে নিরাপদে থাকার জন্য তাই যথেষ্ট। যেমন মুসলিম শরীফ সহ অন্যান্য হাদীস গ্রন্থে সহীহ হাদীসে এসেছেঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ “যে ব্যক্তি আমার উপর একবার দুরূদ পাঠ করবে, আল্লাহ তার বিনিময়ে তার উপর দশবার রহমত নাযিল করবেন।” সহীহ আবূ দাউদ" নং (১৩৬৯)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5475

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন